

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪৬৭

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯. মসজিদে প্রবেশকালীন সালাত

باب مَا جَاءَ فِي الصَّلَاةِ عِنْدَ دُخُولِ الْمَسْجِدِ

আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، حَدَّثَنَا مَالِكُ، عَنْ عَامِرِ بْنِ عَبْدِ اللهِ بْنِ الزُّبَيْرِ، عَنْ عَمْرِو بْنِ سُلَيْمٍ النَّرُوقِيِّ، عَنْ أَبِي قَتَادَةَ، أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم قَالَ " إِذَا جَاءَ أَحَدُكُمُ الْمُسْجِدَ فَلْيُصِلِّ سَجْدَتَيْنِ مِنْ قَبْلِ أَنْ يَجْلِسَ ".

_ صحیح : ق

বাংলা

৪৬৭। আবৃ ক্বাতাদাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ মসজিদে আসলে যেন বসার পূর্বেই দুই রাক'আত সালাত আদায় করে নেয়।[1]

সহীহ: বুখারী ও মুসলিম।

English

Abu Qatadah reported the Messenger of Allah (May peace be upon him) as saying; when any one of you enters the mosque, he should pray two RAKAHS before sitting down.

ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ সালাত, অনুঃ মসজিদে প্রবেশ করে দু' রাক'আত সালাত আদায় করা, হাঃ 888), মুসলিম (অধ্যায়ঃ মুসাফিরের সালাত, অনুঃ তাহিয়্যাতুল মসজিদের দু' রাক'আত সালাত আদায় মুস্তাহাব)। উভয়ে মালিক সূত্রে।



হাদীস থেকে শিক্ষাঃ

হাদীসটি প্রমাণ করে, কেউ মসজিদে প্রবেশ করলে সেখানে বসার পূর্বেই আল্লাহর ঘরের সম্মানার্থে দু'রাক'আত সালাত আদায় করবে। তা হচ্ছে, তাহিয়্যাতুল মসজিদের দু' রাক'আত সালাত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন